পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৮ তম সভার কার্যবিবরণী

গত ১৭-১৯ জুন ২০২৫ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৮ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **MV. LONG 1 (IMO NO.9000326), মেসার্স এস এন কর্পোরেশন (ইউনিট-৩), মাদামবিবিরহাট, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ১০,৬৩৪ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. LONG 1 (IMO NO.9000326) স্ক্র্যাপ জাহাজ মেসার্স এস এন কর্পোরেশন (ইউনিট-৩) নামক শিপ ব্রেকিং ইয়ার্ডে ভাঙ্গার জন্য প্রযোজ্য হবে।

খ) Environmental Survey Form এ উল্লিখিত বিপদজ্জনক বর্জ্যের জন্য Chemical Safety Data Sheet সরবরাহ করতে হবে।

গ) জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে সকল প্রকার তরল পদার্থ অপসারণপূর্বক জাহাজটি পরিষ্কার করতে হবে। এ প্রক্রিয়া পুরো জাহাজ ভাঙ্গা কার্যক্রম প্রক্রিয়ায় অব্যহত থাকবে।

ঘ) আলোচ্য জাহাজের জন্য বিপজ্জনক পদার্থের প্রণীত তালিকা (IHM) জাহাজের ভিতরে বিপজ্জনক পদার্থ নিরূপণে সক্ষম বিশেষজ্ঞের মাধ্যমে বা সেফটি এজেন্সি কর্তৃক Visual Sampling Check Plan (VSCP) এর মাধ্যমে IHM এর সঠিকতা নিশ্চিত করতে হবে।

ঙ) জাহাজের বিলজ ওয়াটার Oil-Water Separator এর মাধ্যমে তেল পৃথক করতে হবে এবং সেপারেটর হতে নির্গত তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনর্পূবক পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার নিশ্চিত হওয়া সাপেক্ষে সমুদ্রে নির্গমন করা যাবে।

চ) জাহাজের পয়োবর্জ্য STP এর মাধ্যমে পরিশোধন করতে হবে।

ছ) জাহাজ কাটার পূর্বে জাহাজের রং অপসারণ করতে হবে। সমুদ্রের পানিতে কিংবা সৈকতে পেইন্ট চিপস অপসারণ করা যাবে না।

জ) জাহাজের বিপজ্জনক বা সাধারণ বর্জ্য দিয়ে সামুদ্রিক বা সমুদ্র সৈকতের পরিবেশ দূষণ করা যাবে না।

ঝ) জাহাজ ভাঙ্গা প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য হ্যান্ডলিং, স্টোরেজ ও পরিত্যাজনের ক্ষেত্রে Best Management Practice অনুসরণ করতে হবে। সকল বিপজ্জনক বর্জ্য সংরক্ষণাগারের দরজায় উক্ত পদার্থের MSDS লাগিয়ে রাখতে হবে।

ঞ) সকল প্লাস্টিক বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী পুনচক্রায়নকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করতে হবে।

ট) ভারী ধাতুযুক্ত জিনিসপত্র, চিকিৎসা বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট পরিত্যাজনের জন্য হস্তান্তর করতে হবে।

ঠ) Intertidal Zone-এ শুধু প্রাইমারি কাটিং সম্পন্ন করা যাবে। এ সময় তেলযুক্ত বা অন্য কোনো বিপজ্জনক পদার্থযুক্ত জাহাজের টুকরা সমুদ্র সৈকতে ফেলা যাবে না। এগুলো জাহাজের অভ্যন্তরে বা কোনো বার্জে ফেলতে হবে। পরবর্তীতে ক্রেনের সাহায্যে এগুলোকে অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে পরিবহন করে আনতে হবে। প্রাইমারি কাটিং-এর সময় জাহাজে যাতে সমুদ্রের পানি প্রবেশ না করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ড) সেকেন্ডারি এবং টারশিয়ারি কাটিং কার্যক্রম অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে সম্পন্ন করতে হবে। কাটিং ফ্লোরের চারিপাশে বাঁধ দিতে হবে। উক্ত ফ্লোরে সৃষ্ট তরল বর্জ্য এবং runoff water ড্রেনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগারে (ইটিপি) প্রেরণ করে পরিশোধন করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত নির্ধারিত মানমাত্রা নিশ্চিত হওয়া সাপেক্ষে পরিবেশে নির্গমণ করা যাবে।

ঢ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিপ রিসাইক্লিং প্ল্যান প্রতিপালন করতে হবে।

ণ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিপ কাটিংএর অনুমতি ব্যতীত জাহাজ কাটার কার্যক্রম শুরু করা যাবে না।

ত) তৈলযুক্ত বর্জ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে এবং ইনসিনারেটরে পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

থ) বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৫ নং বিধি অনুসারে বিপজ্জনক বর্জ্যের তথ্য সংরক্ষণ ও যথাযথ সতর্কতার সাথে বিপজ্জনক বর্জ্য বা পদার্থ সংরক্ষণ করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে এবং উক্ত বিধির তফসিল-৯ অনুযায়ী জাহাজের বিপজ্জনক পদার্থের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

দ) জাহাজের সামগ্রীক কার্যক্রম এবং বিশেষভাবে safe-for-entry এবং safe-for-hot work এর জন্য একটি কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনা কাঠামো, industrial safety response এবং জরুরি অবস্থা মোকাবেলা করার প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

ধ) এসআরপি'র ভিত্তিতে বিপজ্জনক জোন বিশেষত বিপজ্জনক পদার্থ যেমন ফুয়েল ট্যাংক ইত্যাদি যে সব স্থানে আছে সে সকল জোন এবং প্রবেশ নিষিদ্ধ জোন পরিষ্কারভাবে চিহ্নিতকরণ, বিপদসংকেত প্রদর্শন এবং শ্রমিকদের এসব বিষয়ে সচেতন করতে হবে।

ন) জাহাজের উঁচু স্থানে কাজ করার জন্য ফল প্রিভেনশন যন্ত্রপাতি সংগ্রহপূর্বক তা ব্যবহার করতে হবে।

প) বদ্ধ জায়গায় কাজ করার সময় পর্যাপ্ত আলো (৩০০ লাক্স বা ততোধিক), গ্যাস মনিটরিং (O_2, CO, H_2S, Lower Explosive Limit Concentrations etc.), অগ্নিনিরোধক, ফাস্ট এইড এবং পর্যাপ্ত বায়ু চালাচলের ব্যবস্থা করতে হবে।

ফ) এন্টি ফাউলিং পেইন্ট সংগ্রহপূর্বক এয়ারটাইট কন্টেইনারে এবং অন্যান্য পেইন্ট চিপস নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ তাপমাত্রার ইনসিনারেটরে (১২০০ ডিগ্রি সেন্টিগ্রেড) পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

ব) জাহাজ ভাঙ্গা ইয়ার্ডে বা স্ক্র্যাপ জাহাজে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে ৪৮ ঘন্টার মধ্যে ও বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ -এর তফসিল ৭ অনুসারে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

ভ) জাহাজ ভাঙ্গা কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, কর্মচারি ও শ্রমিকদের (মাস্টাররোলসহ) সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের প্রশিক্ষণ কাজে রিট পিটিশন ৭২৬০/২০০৮ এর আদেশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

ম) স্ক্র্যাপ জাহাজ ভাঙ্গার ফলে সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলার জন্য বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১-এর তফসিল ১২ অনুসারে বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরুর পূর্বে প্রস্তুত করে এক প্রস্থ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করতে হবে।

য) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার পরবর্তী করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

র) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপজ্জনক পদার্থ বা বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরূপে পরিত্যাজন করার পর ০৩ (তিন) বছর পর্যন্ত এই বিধিতে উল্লেখিত রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।

ল) মাত্রা বহির্ভূত বর্জ্য তেল বিপজ্জনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পুড়িয়ে নিষ্পন্ন করা ব্যতীত অন্য কারো নিকট প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাবে না। উক্ত বর্জ্য তেল সৃষ্টিকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপজ্জনক বর্জ্য পোড়ানোর ইনসিনারেটর মালিক বা দখলদারের দখলে ছাড়া অন্য কারো দখলে রাখা যাবে না।

শ) দুর্ঘটনাজনিত কারণে শ্রমিক বা কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসারে এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার ক্ষয়ক্ষতি নির্ধারণ ও ক্ষতিপূরণ আদায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে নিষ্পন্ন করতে হবে।

ষ) জাহাজ কাটার পূর্বে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়কে অবহিত করতে হবে।

স) বাং লাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **MV. HUAQUAN (IMO NO.8222109); মেসার্স কে আর শিপ রিসাইক্লিং ইয়ার্ড, কাজীপাড়া, কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১,৪১২.৬৩ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. HUAQUAN (IMO NO.8222109) স্ক্র্যাপ জাহাজ মেসার্স কে আর শিপ রিসাইক্লিং ইয়ার্ড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৩. **MV. FUTONG EXPRESS (IMO NO.9111589); আরব শিপ ব্রেকিং এন্ড রি-সাইক্লিং লিমিটেড, দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৮,৮৫৭ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. FUTONG EXPRESS (IMO NO.9111589) স্ক্র্যাপ জাহাজ আরব শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং লি: নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

(খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **সাউথইস্ট সোয়েটার্স লিমিটেড, ২৭৮/এ, মেহেরনগর, দোবাদিয়া, উত্তরখান, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১৩,৪৬০ সংখ্যক সোয়েটার ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৫(২) এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **ঐশী ফ্যাশন (প্রা:) লিমিটেড; ৪৩/১৩৫, তাহসিন টাওয়ার, সাতাইশ রোড, গাজীপুরা, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৮,৫০০ সংখ্যক সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১.৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৫(২) এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **মেসার্স বারিধি গার্মেন্টস লিমিটেড; প্লট নং- এস এফ বি ৭-৮, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস ওয়াশিং ও প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৫.৭৬ টন রেডিমেড গার্মেন্টস ওয়াশিং ও প্রিন্টিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য দৈনিক ১৫০০০ ঘনমিটার ক্ষমতাসম্পন্ন কেন্দ্রীয় তরল বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় সিইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার সিইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

চ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ছ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

জ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে।

ঝ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঞ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ট) কারখানার শব্দ নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঠ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ড) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঢ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **কাজী ফার্মস লিমিটেড (কম্পোস্ট প্লান্ট) (ইউনিট-৬৭); সূর্যপাশা, সাতহাল, সদর, মৌলভীবাজার** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কম্পোস্ট সার বা জৈব সার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে মৌলভীবাজার জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র মুরগীর বিষ্ঠা ও লিটার হতে দৈনিক সর্বোচ্চ ২৫ মেট্রিক টন জৈব সার প্রস্তুতের জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের সম্প্রসারণ বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) জৈব সার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট লিচেট সংগ্রহপূর্বক পুনব্যবহার করতে হবে, পরিবেশ নির্গমণ করা যাবেনা।

খ) প্রকল্পের কর্মকান্ড ও প্রক্রিয়া দ্বারা কোনোভাবে পারিপার্শ্বিক পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দ) দূষণ করা যাবে না।

গ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানার উৎপাদন প্রক্রিয়ার ফলে সৃষ্ট গন্ধ নিঃসরণে স্থাপিত অ্যারেশন ব্যবস্থাসহ অন্যান্য সকল ব্যবস্থা কার্যকরভাবে চালু রাখতে হবে।

ঙ) শব্দ ও বায়ু দূষণ বিধিবদ্ধ মাত্রায় নিয়ন্ত্রণ সাপেক্ষে ডিজেল/গ্যাসভিত্তিক জেনারেটর ব্যবহার করতে হবে।

চ) জেনারেটরের Spent lubricating oil পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ছ) প্রকল্পের চারপাশের উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

জ) প্রকল্পের সম্মুখে যাতে যানযটের সৃষ্টি না হয় সে লক্ষে নিজস্ব লোকবল নিয়োজিত করতে হবে।

ঝ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। হোটেলের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঞ) পরিবেশগত ব্যবস্থাপনার জন্য প্রশিক্ষিত জনবল রাখতে হবে।

ট) প্রকল্পের জন্য Green Concept সমূহ যথাযথভাবে মেনে চলতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ -এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঢ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **তানভীর এন্টারপ্রাইজ; দাশেরহাটি, চারিগ্রাম, সিংগাইর, মানিকগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্লাস্টিক চিপস, লেড বার এবং গ্রে-অক্সাইড প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে মানিকগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র পুরনো লেড-এসিড ব্যাটারি recycle করে দৈনিক সর্বোচ্চ ৫ টন লেড বার ও ১ টন লেড-অক্সাইড প্রস্তুতের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে গ্যাসীয় নিঃসরণ এবং লেডসহ বস্তুকণার নিঃসরণ বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর তফসিল ৫ এর ১১ নং ক্রমিকে উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবে না।

গ) কারখানার চুল্লি হতে সৃষ্ট বায়বীয় নিঃসরণ ব্যাগ ফিল্টার ও সাইক্লোন সেপারেটরের মাধ্যমে পরিশোধনপূর্বক ১০০ (একশত) ফুট উচু চিমনির মাধ্যমে নিঃসরণ করতে হবে ।

ঘ) সংগৃহীত পুরাতন লেড অ্যাসিড ব্যাটারি automated পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করতে হবে। কোনো অবস্থাতেই উন্মুক্ত পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ঙ) ব্যাটারি ভাঙার স্থানে Local exhaust ventilation (LEV) স্থাপন করে LEV এর Outlet ব্যাগ হাউজ এবং স্ক্রাবারের সাথে যুক্ত করতে হবে। স্ক্রাবারের তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

চ) ফার্নেস হতে সালফার-ডাই-অক্সাইড (SO_2) নিঃসরণরোধে Pre-desulfurization এবং In-situ desulfurization ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে স্ক্র্যাপ আয়রন, সোডা অ্যাশ (সোডিয়াম কার্বনেট) এবং Gas Scrubbing System রাখতে হবে।

ছ) অ্যাসিডযুক্ত ব্যাটারি ভাঙার পূর্বে অ্যাসিড Drainout এর ব্যবস্থা রাখতে হবে। উক্ত অ্যাসিডসহ অন্যান্য তরল বর্জ্য ৫০০ লিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP-র মাধ্যমে পরিশোধন করতে হবে।

জ) ব্যাটারি ভাঙার ফলে সৃষ্ট প্লাস্টিক প্রথমে অ্যালকালাইন দ্রবণে উত্তমরূপে ওয়াশ করতে হবে এবং পরিস্কার পানিতে পুনরায় ওয়াশ করার পর রিসাইকল ম্যাটেরিয়াল হিসেবে ব্যবহার করতে হবে। এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

ঝ) কারখানা পরিচালনাকালে এর অভ্যন্তরের মেঝে সর্বদা সিক্ত রাখার ব্যবস্থা করতে হবে।

ঞ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Pb, SS ও pH) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ট) কারখানার সীসামিশ্রিত কঠিন বর্জ্য কোনোক্রমেই পরিবেশে নিক্ষেপ করা যাবে না। এ ধরনের বর্জ্য পুনঃব্যবহার উপযোগী না হলে তা কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতিক্রমে বিশেষ প্রক্রিয়ায় Secure Landfill-এর ব্যবস্থা করতে হবে।

ঠ) কারখানার ব্যাটারি ভাঙার সেকশনে বাধ্যতামূলকভাবে কর্মরত শ্রমিকদের Long sleeved plastic apron, Nitrile gloves, Safety helmet with visor, waterproof সেফটি বুট Neoprene Cartridge Dust Respirator Musk এবং ব্যাগ হাউজ সংস্কার Dross/ Slag লোডিং/আনলোডিং-এর সময় কর্মরত শ্রমিকদের সম্পূর্ণ হুডযুক্ত ও সম্পূর্ণ শরীরাবৃত Apron, gloves & leggings, ওয়াটারপ্রুফ বুট, Breathing apparatus-সহ Full face mask-এর ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

ড) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২(দুই) বার কারখানার পরিবেষ্টক বায়ুর গুণগতমান (Lead) এর বিশ্লেষিত ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঢ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ণ) এ কারখানায় কাঁচামাল হিসেবে ব্যবহারের জন্য বিদেশ থেকে কোনো প্রকার বর্জ্য আমদানি করা যাবে না।

ত) কারখানার কাঁচামাল সংগ্রহের তথ্যাদি একটি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে উক্ত রেজিস্টারটি পরীক্ষা করা হবে। কারখানায় Good House-keeping ব্যবস্থা বজায় রাখতে হবে।

থ) কারখানার জেনারেটর থেকে নির্গত নির্গত ধোঁয়া নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

দ) কারখানায় কর্মরত শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। অত্র দপ্তর হতে পরিদর্শনের সময় তা দেখাতে হবে।

ধ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য পরিবেশ বিষয়ে যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিক রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি তিনমাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সারসংক্ষেপ রিপোর্ট আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ন) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা: ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ/ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

প) কারখানার চত্বরের উপযুক্ত প্রজাতির দেশি জাতের ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ফ) কারখানার মেঝে পানি ছিটিয়ে সর্বদা ভেজা রাখতে হবে।

ব) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ভ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৬. **গোলেছা ডিজাইন এন্ড লন্ড্রি ওয়াশ; ৫৭, আব্দুল গফুর খান রোড, শিলমুন, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৩ টন রেডিমেড গার্মেন্টস ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১২ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।
ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।
ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।
ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।
ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৭. **ইয়ামিন ওয়াশিং প্লান্ট-২; আমতলা, কাঠগড়া, জিরাব, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৩ টন রেডিমেড গার্মেন্টস ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।
খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।
গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।
ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।
ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।
চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।
ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।
জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।
ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।
ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।
ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।
ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।
ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।
ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।
ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।
ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৮. **রাকিন এন্ড রাহিল ইন্ডাস্ট্রিজ; ৯৩/৩, আব্দুল গফুর খান রোড, শিলমুন, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পলিয়েস্টার সেলাই সুতা ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৪০০ কেজি পলিয়েস্টার সেলাই সুতা ডাইং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।
খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ০৩ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট

উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

(গ) ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **One (01) Appraisal Cum Exploration Well Sundalpur-5 and Tow (02) Exploration Well (Subarnachar-1 & Noakhali-1) Drilling Project by BAPEX** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কূপ অনুসন্ধান ও খনন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

২. **Construction of Dhaka East-West Elevated Expressway of PPP Basis by Bangladesh Bridge Authority** (শিল্প/প্রকল্প কার্যক্রম: উড়াল সড়ক নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৩. **পিএইচপি ইন্টিগ্রেটেড স্টিল মিলস লিমিটেড; নিজকুঞ্জরা, ছাগলনাইয়া, ফেনী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জিংক, অ্যালয়, রোলিং অয়েল/লুব অয়েল ইত্যাদি হতে কয়েল, জিপি কয়েল সিআই সিট ইত্যাদি উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, সংশোধিত ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৪. **Drilling of 2 appraisal cum-development wells (Titas-32 and Titas-33) at Titas fas Field, Brahmanbaria** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্রাকৃতিক গ্যাস অনুসন্ধান ও উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

(ঘ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **Ashuganj-Palash Sabuj Project by Bangladesh Agricultural Development Corporation** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্রকল্প এলাকায় সেচ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে দেশের খাদ্য উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

২. **Conversion of Metre Gauge Line into Dual Gauge from Parbatipur to Kaunia Section Project; Bangladesh Railway** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেললাইন নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৩. **Integrated Water Resources Management of Haor Areas in Sunamganj district; Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নদী ড্রেজিং, খাল খনন, ফ্লাড ফিউজ নির্মাণ, ডুবন্ত বাঁধ সিসি ব্লক দ্বারা আবৃতকরণ, ভিলেজ প্লাটফর্ম নির্মাণ, বজ্রনিরোধক স্থাপন, ড্রেনেজ আউটলেট নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৪. **দেহারা আবাসিক প্রকল্প; দেহারা, স্বনির্ভর, ধামসোনা, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের ১১০.৪৩ একর জমির অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৫. **এ কে খান এন্ড কোং লিমিটেড-ইনল্যান্ড কন্টেইনার ডিপো (আইসিডি) এন্ড কন্টেইনার ফ্রাইট স্টেশন (সিএফএস); অলংকার মোড়, উত্তর কাট্টলী, চট্টগ্রাম** [শিল্প/প্রকল্প কার্যক্রম: টার্মিনাল /ইনল্যান্ড কন্টেইনার ডিপো (খালি কন্টেইনার সংরক্ষণ, গুদামজাতকরণ, রপ্তানী পণ্য স্টাফিং ও হ্যান্ডলিং, নির্ধারিত আমদানী পণ্য আনস্টাফিং ও ডেলিভারী)]: উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত এবং উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

(ঙ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **Urban Primary Health Care Services Delivery Project-2** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিভিন্ন স্থানে নগর মাতৃসদন ও নগর মাতৃস্বাস্থ্য কেন্দ্র নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন, আইইই রিপোর্ট ও অন্যান্য কাগজপত্র ও সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

২. **সিবেক ফার্মাসিউটিক্যালস লিমিটেড; পুরাতন আটাশিয়া, উত্তর আগরপুর, শিবপুর, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষধ ফর্মুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নরসিংদী জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র ফর্মুলেশন পদ্ধতিতে বিভিন্ন ধরনের ঔষধ প্রস্তুতকারী কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবস্থানগত ছাড়পত্রের আওতায় ভূমি ও অবকাঠামোগত উন্নয়নসহ সকল প্রকার যন্ত্রপাতি স্থাপন করা যাবে। এ ক্ষেত্রে আইইই চেকলিস্টে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ১ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য পরিশোধনাগার বা ETP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) পরিশোধিত তরল বর্জ্য সংরক্ষণ ও পুনব্যবহারের জন্য কংক্রিটের লাইটিংযুক্ত ৩০০ ঘনমিটার ক্ষমতার Retention Pond এবং পরবর্তীতে ব্যবহারের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।

চ) তরল বর্জ্য নির্গমনের জন্য নিজস্ব ব্যবস্থাপনায় ড্রেনেজ সিস্টেম বাস্তবায়ন করতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ETP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঝ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ঠ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ড) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঢ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

৩. **এম আর এন্টারপ্রাইজ; বিলবঘিল, সাধাপুর, নগরকোন্ডা-১২১৬, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পুরাতন ইলেকট্রনিক্স যন্ত্রপাতি পৃথকীকরণপূর্বক রিসাইক্লিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র পুরাতন ইলেকট্রনিক্স সামগ্রীর বিভিন্ন ধরনের যন্ত্রাংশ পৃথকীকরণপূর্বক রিসাইক্লিং কার্যক্রমের কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে;

খ) আইইই চেকলিস্টে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরিভাবে চালু রাখতে হবে।

গ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ঘ) ই-বর্জ্যের উৎসে উহার প্রকৃতি অনুসারে কঠিন বর্জ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।

ঙ) ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধি ১০ অনুযায়ী ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য পরিবেশ অধিদপ্তর হতে নিবন্ধন গ্রহণ করতে হবে।

চ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ছ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে। পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

জ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঝ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **শাইনিং মুন ট্রিমস লিমিটেড; জগন্নাথপুর, কলাতিয়া, কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস এক্সেসরিজ (লেবেল, স্টিকার, হ্যাংগার, পলি, টেপ প্রস্তুত ও ইয়ার্ন ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১.৫ টন ইয়ার্ন ডাইং, ইলাস্টিক ৭০,০০০ গজ, টুইল টেপ ৫০,০০০ গজ, সুইং থ্রেড ২৩,০০০ কোণ, ড্রস্টিং ৭৫,০০০ গজ, ড্রকর্ড ৪৪,০০০ গজ এবং ওভেন ইলাস্টিক ২০,০০০ গজ প্রস্তুতকারী কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবস্থানগত ছাড়পত্রের আওতায় ভূমি ও অবকাঠামোগত উন্নয়নসহ সকল প্রকার যন্ত্রপাতি স্থাপন করা যাবে। এ ক্ষেত্রে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য পরিশোধনাগার বা ETP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ETP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

৫. **আর.এন.টি সিরামিক ইন্ডাস্ট্রি; বাথই, কাজীপাড়া, কাহালু, বগুড়া** [শিল্প/প্রকল্প কার্যক্রম: সিরামিক পণ্য (ডিনার সেট, কফি মগ, জগ, ফুলদানি, পেন হোল্ডার) প্রস্তুত]: উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে বগুড়া জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র কারখানাটিতে দৈনিক ৩৫,০০০ সিরামিক্স ট্যাবলওয়্যার (ডিনার সেট, কফি মগ, জগ, ফুলদানি, পেন হোল্ডার) প্রস্তুতকারী কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) উৎপাদনকালে সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৫ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঙ) ETP'র পরিশোধিত তরল বর্জ্য পুনরায় উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহারের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঝ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ আইইই চেকলিস্টে বর্ণিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে। পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঞ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ট) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

(চ) অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **Rural Connectivity Improvement Project (RCIP) by LGED** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রামীণ রাস্তা উন্নয়ন ও মেরামত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ২৭/০৫/২০১৮ তারিখের 22.02.0000.018.72.68.18.341 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

(ছ) ইটিপি/ এসটিপি/ সিইটিপি নির্মাণ অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **আনোয়ারা নীট কম্পোজিট লিমিটেড; মুলাইদ, মাওনা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ডাইং, ফিনিশিং, গার্মেন্টস ও স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ৫২৬তম সভার ঠ/১২ এর আলোকে সংশোধিত আকারে দাখিলকৃত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এসটিপি নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য ৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করতে হবে।

(খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।
(গ) এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।
(ঘ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

(জ) জিরো ডিসচার্জ প্লান অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **এন এ জেড বাংলাদেশ লিমিটেড; ৫, বি.কে. বাড়ি, মির্জাপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ওয়াশিং, ডাইং, প্রিন্টিং, ফিনিশিং ও এক্সেসরিজ প্রস্তুত এবং গার্মেন্টস প্রস্তুত): ৫২৪তম সভার ঢ/৩-এর আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

২. **এন. জেড ফেব্রিক্স লিমিটেড; বলাইখাঁ, ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কটন ইয়ার্ন ডাইং, ওভেন ফেব্রিক্স ডাইং, উইভিং ও ফিনিশিং): ৫২৬তম সভার ড/৪-এর আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৩. **এন. জেড ডেনিম লিমিটেড; গোলাকান্দাইল, ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ইয়ার্ন ডাইং ও ফিনিশিং): ৫২৬তম সভার ড/৩-এর আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৪. **মেসার্স আল-মুসলিম ইয়ার্ন ডাইং লিমিটেড; ১৪, গেন্দা, কর্ণপাড়া, উলাইল, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইয়ার্ন ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৫. **চরকা টেক্সটাইল লিমিটেড; কাজিরচর, ডাঙ্গা, পলাশ, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও নিটিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নরসিংদী জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৬. **মমটেক্স লিমিটেড; দক্ষিণ শিলমান্দী, পাঁচদোনা, নরসিংদী সদর, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও নিটিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নরসিংদী জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৭. **এম অ্যান্ড এম ইয়ার্ন ডাইং মিলস লিমিটেড; কলতাসুতি, বিকেএসপি, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইয়ার্ন ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

(ঝ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: পরিবেশগত ছাড়পত্র

১. **আর এম প্রিন্টিং; মিটন, ডেইরী ফার্ম-১৩৪১, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, কারখানাটির ড্রেনেজ ব্যবস্থাপনা না থাকায় পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **গাজী মেডিকেল কলেজ এন্ড হসপিটাল লিমিটেড; এ ১৯০২১, মজিদ সরণি, সোনাডাঙ্গা, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মেডিকেল কলেজ ও হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণের পর তার প্রমাণকসহ দাখিলের জন্য সদর দপ্তর হতে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) হাসপাতাল হতে সৃষ্ট কঠিন বর্জ্য পরিশোধনের ব্যবস্থা থাকতে হবে এবং কঠিন বর্জ্য পরিশোধনপূর্বক তা সিটি কর্পোরেশনের কাছে হস্তান্তর করতে হবে ।

(খ) হাসপাতালের কঠিন বর্জ্য সিটি কর্পোরেশনের কাছে হস্তান্তরের পূর্বে সংরক্ষণের জন্য একটি বদ্ধ রুমের ব্যবস্থা থাকতে হবে।

৩. **খুলনা সিটি মেডিকেল কলেজ হাসপাতাল, ২৫-২৬ কেডিএ এভিনিউ, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মেডিকেল কলেজ ও হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণের পর তার প্রমাণকসহ দাখিলের জন্য সদর দপ্তর হতে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) হাসপাতাল হতে সৃষ্ট কঠিন বর্জ্য পরিশোধনের ব্যবস্থা থাকতে হবে এবং কঠিন বর্জ্য পরিশোধনপূর্বক তা সিটি কর্পোরেশনের কাছে হস্তান্তর করতে হবে ।

(খ) হাসপাতালের কঠিন বর্জ্য সিটি কর্পোরেশনের কাছে হস্তান্তরের পূর্বে সংরক্ষণের জন্য একটি বদ্ধ রুমের ব্যবস্থা থাকতে হবে।

৪. **জনতা ফুড প্রোডাক্টস, ১১ মাইল, জোবরা, হাটহাজারী, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নরমাল চালের সাথে পুষ্টি চাউল নির্দিষ্ট পরিমাণ মিশ্রণ করে রিপ্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২২ তম সভার সিদ্ধান্তের আলোকে আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করা হয়। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হলেও অদ্যবধি উদ্যোক্তা জবাব প্রদান না করায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চট্টগ্রাম জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **আর. ডি ইন্ডাস্ট্রিজ লি:, পটকা, গোসিংগা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রিন অয়েল বা পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক কারখানাটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৬. **সুবর্ণগ্রাম এ্যামিউজমেন্ট পার্ক লিঃ, কাতরারচক, সাওঘাট, ভুলতা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিনোদন পার্ক ও রিসোর্ট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের সমুদয় ভূমির মালিকানার স্বপক্ষে জেলা প্রশাসক-এর সনদপত্র দাখিলের জন্য সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৭. **আশিয়ান হাসপাতাল লিমিটেড; বরুয়া, খিলক্ষেত, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৮. **সিলেট মা ও শিশু হাসপাতাল; সোবহানীঘাট, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য হাসপাতালের অনুকূলে সিলেট জেলা কার্যালয় কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত পরিবেশগত পরিদর্শন ম্যানুয়াল অনুযায়ী করা হয়নি। এমতাবস্থায় জেলা কার্যালয় কর্তৃক 'পরিবেশগত পরিদর্শন ম্যানুয়াল' অনুযায়ী কারখানা পরিদর্শন চেকলিস্ট ও প্রতিবেদন প্রেরণ করার সুপারিশ গৃহীত হয় এবং আলোচ্য হাসপাতালে যেহেতু বেড সংখ্যা ৫০ হতে ৮০ শয্যায় উন্নীত করা হচ্ছে সেক্ষেত্রে বেড সংখ্যা বৃদ্ধির ফলে সৃষ্ট তরল বর্জ্য বিদ্যমান ইটিপি'র পরিশোধন ক্ষমতার সাথে সামঞ্জস্যপূর্ণ কীনা সে সংক্রান্ত তথ্য দাখিল করার সুপারিশ গৃহীত হয়।

৯. **Tung Hing (BD) Manufactory Ltd; প্লট # ৮৯, ২০৯, ২১০, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মেটালের উপর ইলেকট্রোপ্লেটিং এর মাধ্যমে ববিপিন, ব্যারেট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইটিপি দ্বারা পরিশোধিত তরল বর্জ্যে সায়ানাইডের (CN) এবং নিকেল (Ni)-এর মাত্রা;

(খ) বিপজ্জনক বর্জ্যের ব্যবস্থাপনা;

(গ) CN এর ফিউম নিঃসরণের ঝুঁকি প্রশমন এবং কর্মরত শ্রমিকগণের Occupational health & safety

১০. **বি আর পাওয়ারজেন লিমিটেড (বিআরপিএল); বরমী, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিদ্যুৎ উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) আলোচ্য কারখানাটির উৎপাদনকালে সৃষ্ট বায়ু দূষণ নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থাদির বিস্তারিত বর্ণনা।

১১. **লুজিক পাওয়ার; ২৯/১, দৌলতপুর, গাছা, সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বৈদ্যুতিক পাখা প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) আলোচ্য কারখানাটির উৎপাদনকালে সৃষ্ট বায়ু দূষণ নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থাদির বিস্তারিত বর্ণনা।

১২. **স্কয়ার ফ্যাশনস লিমিটেড; জামিরদিয়া, হবিরবাড়ি, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিট ও গ্রে ফেব্রিক্স ডাইং, ওয়াশিং, নিটিং, ফিনিশিং, প্রিন্টিং, এমব্রয়ডারি): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইটিপির হালনাগাদ তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল দাখিল করতে হবে।

১৩. **মেসার্স সাগর ব্যাটারি হাউজ; গোয়ালখালী, রুহিতপুর, কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পুরাতন ব্যাটারিকে রিসাইকল করে সীসা উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পুরাতন ব্যাটারি ভাঙার ফলে সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য গৃহীত ব্যবস্থাপনার বিবরণ।

(ঞ) সুপারিশবিহীন ইআইএ-র কার্যপরিধি (ToR)

১. **Improvement of Sylhet-Tamabil Road to a 4-Lane Highway with separate SMVT Lane Project by Roads and Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-র কার্যপরিধি (ToR) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইআইএ-এর সমীক্ষা দলের সকল সদস্যদের স্বাক্ষর অন্তর্ভুক্ত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)।

(ট) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: ইআইএ অনুমোদন

১. **গ্রীন মডেল টাউন আবাসিক প্রকল্প (২য় পর্ব); আমিন মেহাম্মদ ল্যান্ডস ডেভেলপমেন্ট লিমিটেড, মান্ডা, সবুজবাগ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

২. **চুনী বিডি টেক্সটাইল লিমিটেড; কুমারদী, শিবপুর, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ডাইং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৩. **Integrated Development and Sustainable Management Plan of Shahbazpur Channel of Lower Meghna River; Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নদী ব্যবস্থাপনা, ভূমি পুনরুদ্ধার, অভয়রাণ্য ইত্যাদির টেকসই ব্যবস্থাপনার নিশ্চিতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৪. **Rehabilitation of Chandpur Town Protection Project under Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: চাঁদপুর শহর সংরক্ষণ ও পুনর্বাসন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৫. **ভ্যালমন্ট ডেনিম প্রসেস লিমিটেড; সি-৯৪৭, কড্ডা নান্দুন, ইসলামপুর, কড্ডা বাজার, বাসন, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ফেব্রিক্স ও রেডিমেড গার্মেন্টস ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, এবং ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইআইএ প্রতিবেদন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুসারে উপযুক্ত কারিগরি জ্ঞানসম্পন্ন ইআইএ পরামর্শক অথবা বিশেষজ্ঞ দ্বারা সম্পাদন করা হয়নি। ইআইএ সমীক্ষা প্রতিবেদনের প্রধান ত্রুটিসমূহ নিম্নরূপ:

(ক) Study area চিহ্নিত করা হয়নি;

(খ) Baseline data যেমন: Landuse, Drainage system, Water, Air, Noise etc. অপ্রতুল বা অনুপস্থিত;

(গ) প্রকল্পের বিভিন্ন পর্যায়ে Impact সমূহ চিহ্নিত করা হয়নি;

(ঘ) (ক-গ) সঠিকভাবে সম্পন্ন না হওয়ায় ইআইএ সমীক্ষা ত্রুটিপূর্ণ

অনুমোদিত ToR-এর আলোকে উপযুক্ত করিগরি জ্ঞানসম্পন্ন পরামর্শক অথবা বিশেষজ্ঞগণের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুসারে ইআইএ সমীক্ষা সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৬. **এ.বি লাইফ সাইন্স; শ্রীপুর ফকিরহাট, সদর, ফেনী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ তৈরির কাঁচামাল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ইতঃপূর্বে অনুমোদিত ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুযায়ী নিম্নবর্ণিত তথ্যাদি ইআইএ প্রতিবেদনে সঠিকভাবে প্রণীত না হওয়ায় উদ্যোক্তার অবস্থানগগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ফেনী জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

(ক) নির্বাহী সারসংক্ষেপ Chapter-এ ১.২ অনুচ্ছেদে ইএমপি প্রতিবেদন, ১.৩, ১.৪, ৩.১ অনুচ্ছেদে ত্রুটিপূর্ণ তথ্য ও কারখানাটির ভুল নাম (Nipro JMI Pharma Ltd.) উল্লেখ করা হয়েছে;

(খ) ইআইএ টিমে Multidisciplinary Expert নেই;

(গ) কারখানাটির উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য নেই;

(ঘ) তফসিল-১১ এর অধ্যায়-৪ অনুযায়ী বিদ্যমান ভৌত পরিবেশের উপাদান হিসেবে বায়ু ও পানির গুণগতমানের কোনো ফলাফল নেই;
(ঙ) তফসিল-১১ এর অধ্যায়-৪ অনুযায়ী জীব পরিবেশের উদ্ভিদ ও প্রাণীর কোনো প্রজাতিগত তথ্য, উপাত্ত দাখিল করা হয়নি;
(চ) তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র লেআউটপ্ল্যানসহ ডিজাইন, ক্যালকুলেশন নেই;
(ছ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান;
(জ) প্রতিষ্ঠানের লেআউট প্লান স্পষ্ট নয়।

৭. **Bhomra-Satkhira-Navaron Road Improvement Project under Western Economic Corridor and Regional Enhancement (WeCARE) Program (Phase-3); Satkhira-Jessore, Khulna by Roads and Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রাস্তা সম্প্রসারণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইআইএ প্রতিবেদনে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর বিধি-১৬ অনুযায়ী জনমত যাচাই সংক্রান্ত তথ্য, উপাত্ত দাখিল করা হয়নি বিধায় সংশোধিত আকারে ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৮. **Improvement of Bandherhat-Khairchar National Highway (N-513) to Proper standard and Width (Aricha-Kazirhat Ferry Connection) Project by Roads and Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের ইআইএ প্রতিবেদন দাখিলের পূর্বে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি-১৪ অনুসরণপূর্বক তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন গ্রহণ করা হয়নি। ফলে ইআইএ প্রণয়নের পূর্বে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য পাবনা জেলা কার্যালয় থেকে থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)।

(ঠ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: অবস্থানগত ছাড়পত্র

১. **বাংলাদেশ চায়না জুনুই বায়োটেকনোলজি কোম্পানি লিমিটেড; পশ্চিম খামার দশলিয়া, নলডাঙ্গা, সাদুল্লাপুর, গাইবান্ধা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: Human Chorionic Gonadotropin, Menotropins, Urokinase, Ulinastatin, Urinary Protein প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আইইই চেকলিস্ট ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

২. **এ আর বি ইনসুলেশন কর্পোরেশন; কেয়াটখালী, হাসাড়া, শ্রীনগর, মুন্সীগঞ্জ** [শিল্প/প্রকল্প কার্যক্রম: বিভিন্ন কীটনাশক ঔষুধের ড্রাম (প্লাস্টিক ও টিন জাতীয়) সংগ্রহপূর্বক ড্রামগুলো ওয়াশ করে মেশিনের সাহায্যে কর্তন করে বিভিন্ন প্রতিষ্ঠানে বিক্রয়]: উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য মুন্সীগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) অপরিশোধিত তরল বর্জ্যের গুণগতমান পরীক্ষার ফলাফল এবং উক্ত ফলাফলের উপর ভিত্তি করে ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;
(খ) Toxicity কিভাবে detoxification করা হবে তার বিবরণ;
(খ) যথাযথভাবে পূরণকৃত আইইই চেকলিস্ট।

৩. **ইউরো প্যাসিফিক টোবাকো; দক্ষিণ কারারচর, শিবপুর, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিগারেট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) বায়ু দূষণ নিরসনের ব্যবস্থা;
(খ) কারখানার উৎপন্ন দ্রব্যের প্রসেস ফ্লো ডায়াগ্রাম;
(খ) যথাযথভাবে পূরণকৃত আইইই চেকলিস্ট।

৪. **হাইপার লুব্রিকেন্ট এন্ড গ্রিজ; অনন্তপুর, ওয়ার্ড # ৪, বাড়বকুন্ড, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রিক্লেইমড বেইজ অয়েল বা লুব অয়েল ও গ্রিজ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত তথ্য অনুসারে ১০পিপিএম Oily Bilge Separator এর স্পেসিফিকেশন দাখিল করতে হবে।

৫. **আরকান এগ্রো ফুড এন্ড বেভারেজ লিমিটেড; দামোদর, ফুলতলা-৯২১০, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বেকারী পণ্য ও জুস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা

হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Disinfection এর ব্যবস্থা;

(খ) Oil trap স্থাপন করতে হবে;

(গ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী Biological ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন।

৬. **থ্রি স্টার মেটাল ইন্ডাস্ট্রিজ; খোর্দ্দ গোপালপুর, মহিমাগঞ্জ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সীসার বার প্রস্তুত (পরিশোধন ব্যতীত)): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য কারখানার জন্য প্রস্তাবিত জায়গার পূর্বদিকে ১৯০ মিটার দূরত্বে শিক্ষা প্রতিষ্ঠান এবং পশ্চিদিকে আনুমানিক ১৭০ মিটার দূরত্বে আবাসিক ঘরবাড়ি রয়েছে। প্রস্তাবিত জায়গা হতে শিক্ষা প্রতিষ্ঠান বা আবাসিক বাড়িঘরের বাফার দূরত্ব ৩০০ মিটারের কম হওয়ায় পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-৯ অনুযায়ী উচ্চমাত্রার বায়ুদূষক নিঃসরণকারী হিসেবে অবস্থান গ্রহণযোগ্য নয়। এমতাবস্থায় উদ্যোক্তার অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাইবান্ধা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৭. **তারাসিমা এ্যাপারেলস লিমিটেড (বায়োমাস বয়লার); গোলড়া, কৈট্টা, সাটুরিয়া, মানিকগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্টিম উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য মানিকগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) APC System এর বিস্তারিত বিবরণ;

(খ) ছাই পরিত্যাজনের ব্যবস্থা।

৮. **এস.বি. ফার্মাসিউটিক্যালস; কেচুয়াতৈল, পরিলা, পবা, রাজশাহী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ ফর্মুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক প্রকল্পের সাইট লোকেশন ম্যাপ চিহ্নিতপূর্বক আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য রাজশাহী জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) কারখানার উৎপন্ন দ্রব্যের তালিকা;

(খ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;

(গ) মাস্টার লে-আউট প্ল্যান।

(ড) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: এপিসি/ ইটিপি/ এসটিপি-এর ডিজাইন অনুমোদন

১. **রেনাটা পিএলসি (হবিরবাড়ি সাইট); কাশর, হবিরবাড়ি, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত এসটিপি'র Design basis যথাযথ না হওয়ায় উদ্যোক্তার ইটিপি'র নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ময়মনসিংহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **ফখরুদ্দিন টেক্সটাইল মিলস লিমিটেড; কেওয়া, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ডাইং, ফিনিশিং, গার্মেন্টস ও স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন এবং ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তার দাখিলকৃত তথ্যাদি সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত এসটিপি'র Design যথাযথ না হওয়ায় সংশোধিত এসটিপি'র ডিজাইন দাখিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **আরন ডেনিম লিমিটেড, শুকরান, মির্জানগর, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ফেব্রিক্স ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র জন্য MBBR and ASP দুটো পরিশোধন প্রক্রিয়া প্রস্তাব করা হয়েছে যা গ্রহণযোগ্য নয়। আন্তর্জাতিক স্বীকৃত Guidelines অনুসারে পুনরায় ইটিপি'র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন দাখিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **পপুলার ফার্মাসিউটিক্যালস লিমিটেড; ১৬৪, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষধ ফর্মুলেশন): ৫২৬তম সভার ঠ/৪ এর আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি ও ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি ও ইটিপি'র Design basis এবং Data অসামাঞ্জস্য হওয়ায় উদ্যোক্তার ইটিপি'র নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **ক্রিস্টিয়ান হাসপাতাল চন্দ্রঘোনা; চন্দ্রঘোনা, কাপ্তাই, রাঙ্গামাটি** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি+ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত এসটিপি+ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Oil & Grease Trap সঠিক নয়;

(খ) বায়োলজিক্যাল পদ্ধতির এসটিপি+ইটিপি'র ক্ষেত্রে Coagulation & Flocculation ইউনিট প্রযোজ্য নয়;

(গ) Sludge dewatering এর ব্যবস্থা নেই;

(খ) Nitrification System সঠিক নয়।

৬. **চরকা টেক্সটাইল লিমিটেড; কাজিরচর, ডাঙ্গা, পলাশ, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও নিটিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনা দেখা যায় যে, দাখিলকৃত এসটিপি'র Design এ BOD এর যে মান ধরা হয়েছে তাতে Anerobic System কার্যকর হবে না, এ্যারোশন-এ MBBR System থাকলেও RAS দেখানো হয়েছে যা প্রযোজ্য নয়, Disinfection tank এর ক্যালকুলেশন নেই, Secendary Clarifer এর পরে Coagulation unit স্থাপনের ব্যাখ্যা নেই, Sludge thickening এর ব্যবস্থা নেই এবং Post aeration প্রযোজ্য নয়। এমতাবস্থায়, বর্ণিত ত্রুটিসমূহ সংশোধন করে সংশোধিত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য নরসিংদী জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৭. **ভাই ভাই অ্যামব্রয়ডারি অ্যান্ড টেক্সটাইল; রাঘবদী, দুপ্তরা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা সাইজিং, অ্যামব্রয়ডারি, ডিজিটাল প্রিন্টিং, ওভেন ফেব্রিক্স ডাইং, ওয়াশিং ও ফিনিশিং): ৫২৬তম সভার ঠ/৯ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Coagulation ইউনিটের HRT সঠিক নয়;

(খ) Return Activated Sludge (SAR) যথাযথ নয়।

৮. **স্ট্যান্ডার্ড ওয়াশ লিমিটেড; বেড়াইদেরচালা, গিলারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ওয়াশ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৯. **টি ই ইন্ডাস্ট্রিয়াল কোম্পানী লিমিটেড; হাটবিলা, সদর, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অটোরিকশা ও ইজিবাইকের ব্যাটারি উৎপাদন): ৪৮৯ তম সভার জ/১ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি ও APC (Air Pollution Control) System এর ডিজাইন এবং খুলনা বিভাগীয় কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ এবং বায়ু দূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থার কোনো সোপসিফিকেশন দাখিল না করায় পুনরায় উদ্যোক্তার ইটিপি ও APC'র নির্মাণ আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে যশোর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

১০. **জেটি ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড; বটতৈল, স্বস্তিপুর, সদর, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: তামাক প্রক্রিয়াজাতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত ইটিপি'র Design basis যথাযথ না হওয়ায় উদ্যোক্তার ইটিপি'র নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে কুষ্টিয়া জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১১. **চিন হং ফাইবার্স লিমিটেড, চান্দগাঁও শিল্প এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন, সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন এবং বিগত ৫১৮, ৫২১ তম সভার সিদ্ধান্ত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, উদ্যোক্তা বরাবরে গত ২২/১২/২০২৪ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭১.০১২.২৪.৫৪০ সংখ্যক স্মারকে জারীকৃত পত্রের অদ্যাবধি কোনো না দেওয়ায় উদ্যোক্তার ইটিপি'র নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চট্টগ্রাম মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

(ঢ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: জিরো ডিসচার্জ প্লান

১. **মজুমদার প্রোডাক্টস লিমিটেড (রাইস ব্রান অয়েল), ছোনকা, শেরপুর, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রাইস ব্রান অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান, সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন এবং বিগত ৫১২,

৫১৫ ও ৫২৪ তম সভার সিদ্ধান্ত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, উদ্যোক্তা বরাবরে গত ০২/০৩/২০২৫ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭১.০০১.২৪.৮৫ সংখ্যক স্মারকে জারীকৃত পত্রের অদ্যাবধি কোনো না দেওয়ায় উদ্যোক্তার জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে বগুড়া জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

(ণ) বিবিধ

১. **ইয়ংতাই ইন্ডাস্ট্রিজ বাংলাদেশ লিমিটেড; ০৩, কর্ণগোপ, তারাবো পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার নিটিং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ০৭/১২/২০২৩ তারিখের অবস্থানগত ছাড়পত্র নং ২৩-১১২১৬৪ এর বরাতে জারীকৃত অবস্থানগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের নাম নারায়ণগঞ্জ জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে কারখানার নাম পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পুর্ব নাম	প্রতিষ্ঠানের বর্তমান নাম
ইয়ংতাই ইন্ডাস্ট্রিজ বাংলাদেশ লি:	**ইয়ংতাই ইন্ডাস. বাংলাদেশ লি:**

২. **ডিএমসি অ্যাপারেলস লিমিটেড; হোল্ডিং # ১৫৭/৮, রোড # ০১, ওয়ার্ড # ০৮, ব্লক # ডি, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ওয়াশিং ও টিনটিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ১০/০৬/২০১৯ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং ১৯-২৪৭৭৬ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের নাম ঢাকা জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে কারখানার নাম পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পুর্ব নাম	প্রতিষ্ঠানের বর্তমান নাম
ডিএমসি অ্যাপারেলস লি:	**ডিএমসি ওয়াশিং লিমিটেড**

৩. **নীট প্লাস লিমিটেড; মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অ্যামব্রয়ডারি ও স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক কারখানাটির অনুকূলে বিগত ১৮/০২/২০২১ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২১-৫৫৩৩৩ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র ৮ নং শর্তে উল্লেখিত ''কারখানাটি চালু অবস্থায় প্রতি তিন মাস অন্তর অন্তর অর্থাৎ বছরে ৪ (চার) বার কারখানা নির্গত তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, TSS, DO, BOD ও COD) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে" শর্ত হতে অব্যহতি চেয়ে আবেদন করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে, পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটি কর্তৃক কারখানাটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৪. **ড্যাজলিং টেক্সটাইল ইন্ডাস্ট্রি লিমিটেড; ৭নং পাঠানটুলী, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ডাইং, ফিনিশিং ও গার্মেন্টস): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ০৫/০৪/২০২৩ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২৩-৯৭২৯৮ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের মালিকানা নারায়ণগঞ্জ জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পূর্বের মালিকের নাম	প্রতিষ্ঠানের বর্তমান ব্যবস্থাপনা পরিচালকের নাম
জনাব উৎস কুমার সাহা (বাবুল)	**জনাব আদিত্য সাহা**

৫. **মেসার্স মোতালেব স্টিল; উত্তর সোনইছড়ি, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: শিপ ব্রেকিং ইয়ার্ড): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও চট্টগ্রাম জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ২৯/০৫/২০১৮ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ১৮-০৬১২৩ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের নাম ও মালিকানা চট্টগ্রাম জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পুর্ব নাম ও মালিকানা	প্রতিষ্ঠানের বর্তমান নাম ও মালিকানা
মেসার্স মোতালেব স্টীল পূর্বের ব্যবস্থাপনা অংশীদার নাম: জনাব জনাব মাহবুব আলম	**কেআর গ্রিন শিপ রিসাইক্লিং** **বর্তমান ব্যবস্থাপনা অংশীদার নাম: জনাব মো: তছলিম উদ্দিন**

৬. **সুলতান সকিনা মেমোরিয়াল হাসপাতাল; দপদপিয়া, নলছিটি, ঝালকাঠি** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ বেডের হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক আলোচ্য

প্রকল্পের অনুকূলে গত ২১/১২/২০১৭ তারিখের ২২.০২.১০০৬.৩৪৫.৭২.০১২.১৭.৩৪৯ সংখ্যক স্মারকে জারীকৃত অবস্থানগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের নাম ঝালকাঠি জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

প্রতিষ্ঠানের পুর্ব নাম	প্রতিষ্ঠানের বর্তমান নাম
সুলতান সকিনা মেমোরিয়াল হাসপাতাল	**সুলতান সকিনা মেমোরিয়াল হাসপাতাল লি:**

৭. **সিএনসি বাংলাদেশ লিমিটেড; মদনহাট, শীতলপুর, সিতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: আমদানিকৃত অক্সিজেন ও আরগন গ্যাস সিলিন্ডারে ফিলিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'সবুজ' (ক্রমিক নম্বর: ৩২)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৮. **রজনীগন্ধা প্যালেস; মৃধাপাড়া (বাতেন খাঁ মোড়), সদর, চাঁপাইনবাবগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসিক কাম বাণিজ্যিক বহুতল ভবন নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য বহুতল ভবনটির বিল্টআপ এরিয়া ৫০০০ বর্গমিটারের কম, যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে অবস্থানগত ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৯. **Improvement of Water Supply Network with District Metered Area Sytem under Rajshahi WASA** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রাজশাহী শহরের সকল বাসিন্দাদের পর্যাপ্ত ও গুণগত মানসম্পন্ন নিরাপদ সুপেয় পানীয় জলের সার্বজনীন ও ন্যায্য সরবরাহ নিশ্চিতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, ইআইএ প্রতিবেদন এবং উদ্যোক্তা বা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক প্রদত্ত উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের মাধ্যমে রাজশাহী শহরের সকল বাসিন্দাদের পর্যাপ্ত ও গুণগত মানসম্পন্ন নিরাপদ সুপেয় পানীয় জলের সার্বজনীন ও ন্যায্য সরবরাহ নিশ্চিত করা হবে , যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১০. **মেসার্স সালাম এন্ড ব্রাদার্স; ইকুরিয়া, টিলাবাড়ি, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়েস্টেজ তেল ও স্লাজ সংরক্ষণাগার): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রতিষ্ঠানটিতে বিভিন্ন প্রতিষ্ঠান হতে ওয়েস্টেজ তেল ও স্লাজ সংগ্রহপূর্বক তা সংরক্ষণ ও পরবর্তীতে বিক্রয় করা হবে , যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১১. **ওএমসি ফুটওয়্যার লিমিটেড; নালপাথার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জুতার স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'কমলা' (ক্রমিক নম্বর: ৭৩) শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১২. **সাইন স্টোর লিমিটেড; প্রতাপপুর, কেশবপুর, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডিজিটাল সাইনবোর্ড প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'কমলা' (ক্রমিক নম্বর: ৩৮) শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৩. **এ বি এস কেবলস লিমিটেড; প্লট নং-এ/৪, বিসিক শিল্প এলাকা, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অপটিক্যাল ফাইবার ক্যাবল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'কমলা' (ক্রমিক নম্বর: ৪৪) শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৪. **ইউসিসি ইনফ্রাস্টাকচার লিমিটেড; দেউল, বিরুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'সবুজ' (ক্রমিক নম্বর: ১৫) শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৫. **আইরিশ ফেব্রিক্স লিমিটেড; মাধবপুর, জিরানী, কাশিমপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র নিটিং)**:** উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'হলুদ' (ক্রমিক নম্বর: ১০) শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৬. **ভিকটর ইন্ডাস্ট্রিজ লিমিটেড; নাজিরেরবাগ, কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: এমএস পাইপ, জিপি পাইপ ও বক্স প্লান প্রস্তুত)**:** উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'কমলা' (ক্রমিক নম্বর: ৩৬) শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

নোট:

(ক) সুপারিশকৃত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী উদ্যোক্তা কর্তৃক প্রযোজ্য ছাড়পত্র/ছাড়পত্র নবায়ন ফি ও ভ্যাট প্রদান নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ইস্যু করতে হবে।

(খ) পাটের সুতা প্রস্তুত, সুতা হতে চট, বস্তা ইত্যাদি পাটজাত পণ্য প্রস্তুতের কার্যক্রম পরিচালনাকারী শিল্প প্রতিষ্ঠান পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর কমলা শ্রেণির ২৯ নম্বর ক্রমিকভুক্ত (জুট মিল) হিসেবে গণ্য হবে।

মোঃ সামসুজ্জামান সরকার
উপপরিচালক (ইআইএ)
ও
সদস্যসচিব

একেএম রফিকুল ইসলাম
পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণা)
ও
সদস্য

ফরিদ আহমেদ
পরিচালক (ঢাকা মহানগর)
ও
সদস্য

রাজিনারা বেগম
পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা)
ও
সদস্য

মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক (ঢাকা অঞ্চল)
ও
সদস্য

মুহাম্মদ সোলায়মান হায়দার
পরিচালক (ঢাকা গবেষণাগার)
ও
সদস্য

মোঃ জিয়াউল হক
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য

মাসুদ ইকবাল মোঃ শামীম
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
আহবায়ক